

ভক্ত রামধনের দর্পচূর্ণ

একদিন রামধন বাহির প্রাঙ্গণে।
 ধান্য রাশি ভাঙ্গি গরু জুড়িল মলনে।।
 চারিটি বলদ এনে আগে তারা ছাঁদে।
 আর এক বকনা গাভী তাঁর সঙ্গে বাঁধে।।
 পাঁচটি গরুতে ধান্য করিছে মর্দন।
 এই ভাবে গরু ঘুরাইছে রামধন।।
 রাজাজী যাইতে ঘাটে দেখিলেন তাই।
 ক্রোধে পূর্ণ হ'ল তবে রাজাজী গোঁসাই।।
 বলে 'ওরে ধনা কাণা করিলি কি কর্ম?
 বড় অধার্মিক তুই নাহি কোন ধর্ম।।
 এই বাড়ী থাকিস্ শ্রীধাম বৃন্দাবনে।
 সুরভী মাতাকে কেন জুড়িলি মলনে।।
 পূর্বজন্মে মহা মহা পাপ আচরিলি।
 এবার সে পাপ জন্ম অন্ধ হয়ে র'লি।।
 নয়ন বিহীন তুই এখানে আইলি।
 ঠাকুরের কৃপাদৃষ্টিে দৃষ্টিশক্তি পেলি।।
 দৃষ্টি কম চক্ষু পুরা প্রস্ফুটিত নয়।
 কম দৃষ্টি তবু তোর কর্ম চলে যায়।।
 তোর এই অত্যাচার করা কি উচিত?
 নয়ন বিহীন তোর কর্ম বিপরীত।।
 ছেড়ে দে সুরভী মাকে ওরে বেটা আঁধা।
 মহাপাপ হইয়াছে সুরভীকে বাঁধা।।
 এত বলি যায় সুরভীকে ছেড়ে দিতে।
 রামধন বলে 'বল কি দোষ ইহাতে।।
 এত শুনি সাধু হ'ল ক্রোধে পরিপূর্ণ।
 ঠেঁঙ্গা নিল রামধনে মারিবার জন্য।।
 রামধন মলন ছাড়িয়া পলাইল।
 মলনের বকু সাধু ছাড়াইয়া দিল।।
 'কোথা গেল আঁধা পাপী মারিব উহারে।
 মোর হাত এড়ায়ে পালাবে কোথাকারে?

আজ তোবে বিনাশিব ওরে দুরাশয়।
 অদ্য পলাইলি কল্য যাইবি কোথায়।।
 তর্জন গর্জন করি করেন চীৎকার।
 ক্রোধে রক্তবর্ণ চক্ষু বহে অশ্রুধার।।
 ঘোর শব্দ শুনি মহাপ্রভু তথা এল।
 স্ততিবাক্যে রাজাজীকে তখনে শান্তাল।।
 এই কার্য করে বেটা বড় দুষ্ট খল।
 সুরভী মলনে ছাঁদে আরো করে ছল।।
 আমি আছি গৃহ মাঝে পুরীর ভিতরে।
 দেখি নাই হেন কর্ম যে সময় করে।।
 দুষ্কার্য করেছে আরো তোমা ক্রোধ করে।
 যেমন মানুষ শাস্তি না হলে কি সারে?
 রাজাজী বলেন 'এই পাপিষ্ঠ অসৎ।
 হেন দুষ্ট স্থান দেও তুমিও অসৎ।
 প্রভু বলে সত্য সত্য আছে মোর পাপ।
 আমি করিয়াছি পাপ মোরে কর মাফ।'
 রাজাজী বলেন 'বটে মাফ যদি চাও।
 আঁধা আর ডাকিনীকে তাড়াইয়া দেও।।
 প্রভু বলে 'তাড়াইলে চ'লে যাবে ওরা।
 পতিত-পাবন নাম বৃথা হ'ল ধরা।।
 ঠাকুর ডাকেন 'আয় আয় রামধন।
 ধর এসে রাজাজীর যুগল চরণ।'
 রামধন আসিলেন ঠাকুর নিকট।
 ভরত বলেন 'প্রভু না করিও হট।।
 তোমারে সকলে মানে না জানে তা কেটা।
 পাপ ভয় নাহি করে এই আঁধা বেটা।।
 দেবে মানে দৈত্য মানে গন্ধর্বে'রা মানে।
 ইন্দ্র-চন্দ্র নত নয় তব শ্রীচরণে।।
 তোমার চরণ সেবি' থাকি তব দ্বারে।
 তাহাতে আমাদিগকে যমে ভয় করে।।
 ঠাকুর বলেন 'মোর আই বড় ভয়।
 পতিত-পাবন নামে কলঙ্ক রটয়।'